# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**05 APRIL 2025 7:35—7:40 AM IST**

==========================================================

রাজ্য সরকারের কর্মচারী ও পেশনভোগীদের জন্য গত পয়লা জানুয়ারী থেকে কার্যকর হওয়া অতিরিক্ত ২ শতাংশ মহার্ঘ্য ভাতা বৃদ্ধি করার জন্য আসাম সরকার সিদ্ধান্ত নিয়েছে । মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল বলেন যে আসাম সরকার রাজ্যের হাসপাতাল ও মেডিকেল কলেজ হাসপাতালগুলিতে দুঃস্থ ও মধ্যবিত্ত শ্রেণীর লোকেদের উন্নতমানের স্বাস্থ্য সেবা , বিশেষ করে বিনামূল্যে ঔষধের সুবিধা প্রদানের লক্ষ্যে স্বাস্থ্য বিভাগের জন্য ১৯০ কোটি টাকা মঞ্জুর করেছে ।

রাজ্যের দূর্বল বাঁধগুলির সুরক্ষার জন্য বাঁধ নিরীক্ষণ ও বন্যা প্রস্তুতি সমিতি গঠনে আজকের মন্ত্রীসভার বৈঠকে অনুমোদন জানানো হয়েছে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী বলেন

বাইট

বৈঠকে চা জনগোষ্ঠীর জন্যও বেশকিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষের বাকি পরীক্ষাসমূহ বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করেছে । পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা হওয়ার পরিপ্রেক্ষিতে শিক্ষকদের নির্বাচনী কাজকর্মে ব্যস্ত থাকা ছাড়াও আগামী বিশে মে পর্যন্ত নির্বাচনী প্রক্রিয়া চলতে থাকার কথা বিবেচনা করে বিদ্যালয় শিক্ষা পর্ষদ এই সিদ্ধান্ত গ্রহণ করেছে । এই সম্পর্কে পর্ষদের সচিবের জারি করা নির্দেশ অনুসারে প্রথম বর্ষের পরীক্ষায় অবতীর্ণ হওয়া সকল পরীক্ষার্থী উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষায়

অবতীর্ণ হতে পারবে । কোনো শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষার্থী পরীক্ষা অনুষ্ঠিত না হওয়া বিষয়গুলিতে নিজেদের দক্ষতা যাচাই করতে চাইলে সংশ্লিষ্ট কলেজ থেকে অধ্যয়ন এবং অনুশীলনের জন্য প্রশ্নপত্র সংগ্রহ করতে পারবে বলেও এই নির্দেশে উল্লেখ করা হয়েছে । তবে প্রশ্নপত্রের প্যাকেট খোলার জন্যে যেসব শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে তদন্ত চলছে, তারা এইভাবে প্রশ্নপত্র সংগ্রহ করতে পারবেনা । পর্ষদ একইসঙ্গে ছাত্রছাত্রীদের একাদশ শ্রেণীর মার্কশিটগুলি বিদ্যালয় শিক্ষা পর্ষদের সংমন্ডল-দুইয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে কর্তৃত্ব প্রদান করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

গৌহাটি হাইকোর্ট নিম্ন ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়গুলির পাঁচ হাজার ৫০০টি পদে নিযুক্তির ক্ষেত্রে পূর্বের জারি করা স্থগিতাদেশের নির্দেশ খারিজ করেছে । এই পদগুলির দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষার পর আদালত এই রায় দিয়েছে । এর আগে আদালতের এক সদস্যের বিচারপীঠ এই পদ সমূহের দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষার ক্ষেত্রে স্থগিতাদেশ জারি করেছিল । রাজ্য সরকারের দাখিল করা আবেদনের শুনানি গ্রহণ করে আদালত পূর্বের স্থগিতাদেশ খারিজ করে দেয় । শিক্ষা বিভাগ গত বিশে মার্চ থেকে ২৯শে মার্চ পর্যন্ত প্রথম পর্যায়ের নথি পরীক্ষা সম্পূর্ণ করে এবং গত পয়লা এপ্রিল থেকে ১১ই এপ্রিল পর্যন্ত দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষার দিন ধার্য করা হয় । তবে আদালত দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষার ক্ষেত্রে স্থগিতাদেশ জারি করায় নিযুক্তি প্রক্রিয়া স্থবির হয়ে পড়ে । অবশেষে আদালত এই স্থগিতাদেশ তুলে নেওয়ায় এই পাঁচ হাজার ৫০০ টি পদের নিযুক্তি প্রক্রিয়া পুনরায় আরম্ভ হওয়ার বিষয়টি নিশ্চিত হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য প্রার্থীদের সভা ,মাইকিং ,র‍্যালী ইত্যাদি আয়োজনের অনুমতি সংশ্লিষ্ট সার্কেল অফিস থেকে নিতে বলা হয়েছে ।গতকাল হাইলাকান্দিতে রাজনৈতিক দলগুলির কর্মকর্তাদের নিয়ে প্রশাসনের উদ্যোগে আয়োজিত এক সভায় জেলার অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতে একথা জানান । সভায় অংশ নিয়ে মডেল কোড অফ কন্ডাক্ট সেলের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত অমিত পারবোসা জানান যে রাজ্য নির্বাচন কমিশনের সচিবের গত ৬ জানুয়ারী জারী করা মডেল কোড অফ কন্ডাক্ট অনুসারে আসন্ন পঞ্চায়েত নির্বাচন পরিচালনা করা হবে । সভায় রাজনৈতিকম দলগুলির কর্মকর্তাদের নির্বাচনী ব্যয়ের হিসেব রাখার বিষয়টি সম্পর্কে অবগত করানো হয় ।

ডি আই পি আর ও/হাইলাকান্দি/পঞ্চতপা

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- আসন্ন পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে জেলা আয়ুক্তের কার্যালয়ে একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে । এই কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর হচ্ছে-০৩৮৪৩-২৬৫১৪৪ । পঞ্চায়েত নির্বাচনের গণনা প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত এই কন্ট্রোল রুমটি ২৪ ঘন্টা খোলা থাকবে । জেলা পরিষদের মুখ্য কার্য্যবাহী আধিকারীক মুন গগৈকে এই কন্ট্রোল রুমের দায়িত্ব দায়িত্ব দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় সম্প্রতি সংঘটিত মহিলা নির্যাতনের দুটি ঘটনায় জড়িত দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ । ছাত্র সংগঠনটির পক্ষ থেকে শ্রীভূমি শহরের এ ও সি পয়েন্টে জাতীয় সড়কে গতকাল প্রতিবাদ কার্যসূচী পালন করা হয়েছে । তারা সম্প্রতি বদরপুর এবং নিলামবাজারে সংঘটিত মহিলা নির্যাতনের ঘটনায় গ্রেপ্তার হওয়া  অভিযুক্ত দোষীদের শীঘ্র শাস্তির প্রদানের দাবি জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উদ্যোগে গতকাল শ্রীভূমি শহরে দূর্যোগ ব্যবস্থাপনার উপর একটি মহড়া অনুষ্ঠিত হয়েছে । শহরের রবীন্দ্র সদন মহিলা কলেজে ভূমিকম্পের ফলে একটি অংশ ধসে যাওয়া ও নীলমনি উচ্চতর মাধ্যমিক মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে অগ্নি সংযোগের ঘটনা সংঘটিত হওয়ার মতো কৃত্রিম পরিস্থিতি তৈরী করে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহন করতে দূর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতিকে সক্রিয় করা হয় । উল্লেখ্য শ্রীভূমি শহরে দূর্যোগ ব্যবস্থাপনার উপর আয়োজিত দু দিনের কর্মশালা গতকাল থেকে শুরু হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর অনন্ত-এর সহযোগীতায় আগামী ৯ই এপ্রিল বুধবার চন্দ্রনাথপুর এম ই স্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার ক্রিকেটের ইতিহাসে প্রথমবারের মতো  শিলচরের ইটখোলা এথলেটিক ক্লাব // আসাম ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত সপ্তম আসাম প্রিমিয়ার ক্লাব ক্রিকেট প্রতিযোগীতার ফাইনালে উঠেছে । গৌহাটীর জাজেস ফিল্ডে গতকাল অনুষ্ঠিত সেমিফাইনাল খেলায় ইটখোলা এথলেটিক ক্লাব দল // টেঙ্গাপারা ক্রিকেট

ক্লাবকে ৮০ রানের ব্যবধানে পরাজিত করেছে । আগামীকাল অনুষ্ঠেয় ফাইনাল খেলায় ইটখোলা এথলেটিক ক্লাব // বরপেটা জেলার ক্লাব তিরঙ্গা দলের মুখোমুখি হবে বলে ইটখোলা এথলেটিক ক্লাবের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------